

ফের আইসিইউতে আনিসুল হক

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৩:৩৯ পিএম, ২৮ নভেম্বর ২০১৭



লন্ডনে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হককে ফের আইসিইউতে (ইন্টেনসিভ কেয়ার ইউনিট) ভর্তি করা হয়েছে। ডিএনসিসির জনসংযোগ কর্মকর্তা এ এস এম মামুন জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন।

এ এস এম মামুন জানান, শারীরিক অবস্থার অবনতি হওয়ায় মেয়র আনিসুল হককে গতকাল আইসিইউতে স্থানান্তর করা হয়েছে। আনিসুল হকের সুস্থতার জন্য ডিএনসিসি ও পরিবারের পক্ষ থেকে দেশবাসীর কাছে দোয়াও চেয়েছেন তিনি। গত ২৯ জুলাই নাতির জন্ম উপলক্ষে ব্যক্তিগত সফরে সপরিবারে লন্ডন যান আনিসুল হক। সেখানে হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় তাকে স্থানীয় একটি হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়। তিনি মস্তিষ্কের রক্তনালীর প্রদাহে আক্রান্ত বলে জানিয়েছেন চিকিৎসকরা।

সামাজিক যোগাযোগ মাধ্যমে আনিসুল হকের অসুস্থতা নিয়ে নানা গুঞ্জনের প্রেক্ষিতে গত ৩১ অক্টোবর ঢাকা উত্তর সিটি কর্পোরেশন গণমাধ্যমকে জানায়, তার অবস্থার উন্নতি হচ্ছে।

গত ২২ নভেম্বর মেয়র আনিসুল হকের স্ত্রী রুবানা হক প্রধানমন্ত্রীর কোলে তার নাতির একটি ছবি ফেসবুকে পোস্ট করে জানিয়েছিলেন, ‘এটা খুবই দুঃখজনক যে, আনিসকে নিয়ে গুজব ছড়িয়ে কিছু মহল সুবিধা নিচ্ছে।’ তার স্বামীর সুস্থতার জন্য দেশবাসীর কাছে দোয়াও চান রুবানা হক।

সেনা নিয়ন্ত্রিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে এফবিসিসিআই-এর সভাপতি ছিলেন আনিসুল হক। ২০১৫ সালে আওয়ামী লীগ থেকে মনোনয়ন নিয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন তিনি।

এএস/এআরএস/আইআই